সহকারী কমিশনার (ভূমি)
সাপাহার, নওগাঁ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
(রাজস্ব শাখা)
www.naogaon.gov.bd

স্মারক নম্বর: ৩১.৪৩.৬৪০০.১০৬.০২.০৬৫.২৫- ২৩৯৮

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩২ / ১৪ অক্টোবর ২০২৫

# ইজারা বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, সায়রাত অধিশাখা-১ এর গত ০২-০৯-২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৫৫৫ নম্বর স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনের নির্দেশনা মোতাবেক নওগাঁ জেলার নিম্নবর্ণিত ২০.০০ একরের উর্ধ্বের বদ্ধ জলমহালসমূহ উন্নয়ন প্রকল্পের আওতায় ইজারা বর্ষপঞ্জি (Calendar Year) অনুযায়ী বাংলা ১৪৩৩-১৪৩৮ বঙ্গাব্দ পর্যন্ত ০৬ (ছয়) বৎসর মেয়াদে ইজারা প্রদান করা হবে।

## "ইজারা বর্ষপঞ্জি (Calendar Year)"

| ক্রমিক নম্বর | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ৩১ আশ্বিনের মধ্যে (১৫ অক্টোবরের মধ্যে) | জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে উন্নয়ন প্রকল্পের আওতায় জলমহাল ইজারার আবেদন আহ্বান। |
| ০২ | ০৪ কার্তিক থেকে ৩০ কার্তিকের মধ্যে (২০ অক্টোবর থেকে ১৫ নভেম্বরের মধ্যে) | ইজারার জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল। |
| ০৩ | ৩০ কার্তিকের পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে (১৫ নভেম্বরের পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁয় দাখিল। |
| ০৪ | ২২ অগ্রহায়ণের মধ্যে (০৭ ডিসেম্বরের মধ্যে) | আবেদনসমূহ যাচাই-বাছাই অন্তে জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সুপারিশ এবং নির্ধারিত ছকে জলমহালের তথ্যাদি ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ। |

০২। নওগাঁ জেলার ২০.০০ একরের উর্ধ্বে নিম্নবর্ণিত জলমহালসমূহ "সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর (৭) অনুচ্ছেদ অনুযায়ী বাংলা ১৪৩৩-১৪৩৮ বঙ্গাব্দের জন্য ০৬ (ছয়) বছর মেয়াদে উন্নয়ন প্রকল্পের আওতায় ইজারা গ্রহণের লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে ওয়েব সাইট লিংক (jm.lams.gov.bd) অনলাইনে আবেদন দাখিল করা যাবে।

## ইজারাযোগ্য জলমহালের তফসিল ও সরকারি ইজারামূল্য

| ক্রমিক নম্বর | উপজেলার নাম | জলমহালের নাম | মৌজা | জলমহালের আয়তন (একরে) | ১৪৩৩-১৪৩৮ পর্যন্ত ০৬ (ছয়) বছরের মেয়াদে ইজারার ক্ষেত্রে ১ম বছর অর্থাৎ ১৪৩৩ সনের জন্য সরকারি ইজারা মূল্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মান্দা | সালদহ জলমহাল | সালদহ | ৭১.২৭ | ১২,৫২,৫০০/- (বার লক্ষ বায়ান্ন হাজার পাঁচশত)। |
| ০২ | মান্দা | বিল কুরকুচি | কুরকুচি | ৩৮.৯৪ | ৪,৫৮,৩৩৪/- (চার লক্ষ আটান্ন হাজার তিনশত চৌত্রিশ)। |
| ০৩ | মান্দা | বিল হিলনা | হিলনা | ৩৪৮.০৮ | ২০,০০,০০০/- (বিশ লক্ষ)। |

## শর্তাবলী

০১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী শুধুমাত্র নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির অনুকূলে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে। অনিবন্ধনকৃত কোন সমিতি/সংগঠন আবেদন করতে পারবে না।

০২। প্রকৃত মৎস্যজীবীদের দ্বারা গঠিত মৎস্যজীবী সমিতি যারা সমবায় অধিদপ্তর ও সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত তারাও নির্ধারিত ফরমে আবেদনে অংশগ্রহণের জন্য উপযুক্ত বিবেচিত হবেন।

০৩। সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্য কোনো সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি আবেদনে যোগ্য হবে না। আবেদনকারী সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী কী-না এবং নিবন্ধনকৃত কী-না তা জেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র সংগ্রহ করে আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৪। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন/সমিতি একটি'র অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

০৫। এ ইজারার মেয়াদ বাংলা সনের ১ বৈশাখ ১৪৩৩ হতে শুরু হয়ে ৩০ চৈত্র ১৪৩৮ তারিখ শেষ হবে।

০৬। আবেদন/দরপত্রের সাথে উদ্ধৃত দরের ২০% হারে জামানত জেলা প্রশাসক, নওগাঁর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে আবেদন/দরপত্রের সাথে জমা দিতে হবে। প্রত্যেক দরদাতাকে আবেদন/দরপত্রের সাথে ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি সরকারি গেজেটেড কর্মকর্তা (৯ম গ্রেড বা তদুর্ধ্ব) নিকট হতে সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। জামানতের ২০% অর্থ শেষ বছরের ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে।

০৭। জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক আবেদন/দরপত্র অনুমোদন হওয়ার ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে প্রথম বছরের সরকারি মূল্য (ভ্যাট, আয়কর ও সরকারি অন্যান্য পাওনাদিসহ) পরিশোধ করতে হবে। অন্যথায় দাখিলকৃত জামানত সরকারের অনুকূলে স্বয়ংক্রিয়ভাবে বাজেয়াপ্ত হবে এবং জলমহাল পুনরায় আবেদন/দরপত্রের মাধ্যমে ইজারা দেয়া হবে।

CamScanner

০৬ (ছয়) বছর মেয়াদী ইজারামূল্য বাংলা বছর ভিত্তিতে পরিশোধ করতে হবে। ২য় বছরের সম্পূর্ণ ইজারামূল্য ১ম বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী সময়ের ইজারামূল্য একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। যুক্তিসংগত কারণ ব্যতীত সমুদয় ইজারামূল্য (আয়কর, ভ্যাট ও সরকারের অন্যান্য পাওনাদিসহ) পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

০৯। আবেদন/দরপত্রে গৃহীত ইজারামূল্য ১ম ০৪ (চার) বছর অপরিবর্তিত থাকবে। ৫ম ও ৬ষ্ঠ বছরে এই ইজারামূল্য ২৫% বৃদ্ধি পাবে। নির্ধারিত তারিখের মধ্যে জলমহালগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে আবেদন/দরপত্র দাখিল করতে হবে। উক্ত বিষয়ে পরবর্তীতে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১০। ইজারা প্রদত্ত জলমহালের সম্পূর্ণ অর্থ পরিশোধ করার পর দরদাতাকে নিজ দায়িত্বে ভোটার আইডি কার্ডের সত্যায়িত কপি সহ ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের সাথে চুক্তিনামা সম্পাদনপূর্বক পত্র প্রাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে নিজ উদ্যোগে ০১ বৈশাখ, ১৪৩৩ হতে ৩০ চৈত্র, ১৪৩৮ বঙ্গাব্দ পর্যন্ত ৬ (ছয়) বছর মেয়াদে সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন ভূমি অফিস হতে আনুষ্ঠানিকভাবে জলমহালের দখল গ্রহণ করতে হবে। ইজারা গ্রহিতা নিজ উদ্যোগে জলমহালের দখল গ্রহণ না করলে পরবর্তীতে দখল সংক্রান্ত বিষয়ে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১১। ইজারা গ্রহিতা নিজ খরচে জলমহালের বিবরণ সম্বলিত জেলা প্রশাসন, নওগাঁ কর্তৃক নির্ধারিত স্থায়ী সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন করবেন।

১২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র চূড়ান্তভাবে অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৩। ইজারাদার কর্তৃক কোন অবস্থাতেই ইজারাকৃত জলমহালের সম্পূর্ণ বা আংশিক কাহারও নিকট হস্তান্তর বা সাব-লীজ প্রদান করা যাবে না। অনুরূপ অভিযোগ প্রমাণিত হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতসহ জমাকৃত মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ঐ ইজারা গ্রহীতা সমিতি পরবর্তী ০৬ (ছয়) বছর কোন দরপত্রে অংশ গ্রহণ করতে পারবে না।

১৪। কোন ব্যক্তি বা সমিতি জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে (টেন্ডারে অংশ গ্রহণকারী সংক্ষুব্ধ সমিতি/ব্যক্তি যদি জামানত ফেরত না নিয়ে থাকেন) ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে বিভাগীয় কমিশনার, রাজশাহী মহোদয়ের নিকট আপীল দায়ের করতে পারবেন।

১৫। আবেদন/দরপত্র গৃহীত হলে আবেদন/দরপত্র দাতা সমিতিকে ইজারামূল্যের উপর ১৫% ভ্যাট (০১-১১৩৩-০০২০-০৩১১ নং কোডে) এবং ১০% আয়কর বাবদ (০১-১১৪১-০০৬০-০১১১ নং কোডে) চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের মূল কপি দাখিল করতে হবে।

১৬। সায়রাত মহাল ইজারার ক্ষেত্রে সরকারি কোন নীতিমালা জারী হলে তা ইজারাদারের জন্য মেনে চলা বাধ্যতামূলক।

১৭। ইজারা প্রদান বিলম্বের দরুন ইজারা অর্থ আংশিক বা হারাহারিভাবে প্রদেয় হবে না অথবা খাসে আদায়কৃত অর্থও ইজারাদারকে প্রদান করা হবে না। দরপত্রের খামে জলমহালের নাম ও ক্রমিক নং উল্লেখ করতে হবে।

১৮। আবেদনপত্র/দপরত্র ফি নির্ধারিত ৫০০/-(পাঁচশত) টাকায় (অফেরৎযোগ্য) জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ হতে সংগ্রহ করা যাবে। দরপত্র/আবেদনপত্রের প্রিন্টেড কপি নির্ধারিত তারিখ ও সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ'র রাজস্ব শাখায় রক্ষিত দরপত্র বাক্সে মুখবন্ধ খামে দাখিল করা যাবে।

১৯। আবেদন/দরপত্র অনলাইনে (www.jm.lams.gov.bd) ভূমি মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

২০। মাছ ধরার ক্ষেত্রে বিদ্যমান আইন এবং সময় সময় জারীকৃত সরকারি বিধি বিধান অনুসরণ করা/মেনে চলা ইজারাদারের জন্য বাধ্যতামূলক।

২১। বিধি মোতাবেক যে কোন আবেদন/দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৪/১০/২৫

(মোহাম্মদ আব্দুল আউয়াল)
জেলা প্রশাসক
নওগাঁ।

স্মারক নম্বর: ৩১.৪৩.৬৪০০.১০৬.০২.০৬৫.২৫- ২৬১৮

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩২ / ১৪ অক্টোবর ২০২৫

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮-শহীদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৪। পুলিশ সুপার, নওগাঁ।
০৫। সিভিল সার্জন, নওগাঁ।
০৬। জেলা মৎস্য কর্মকর্তা, নওগাঁ।
০৭। জেলা সমবায় অফিসার, নওগাঁ।
০৮। জেলা তথ্য অফিসার, নওগাঁ।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, ................................ (সকল), নওগাঁ।
১০। সহকারী কমিশনার (ভূমি), ..........সাপাহার.......... (সকল), নওগাঁ।
১১। উপজেলা মৎস্য অফিসার, ................................ (সকল), নওগাঁ।
১২। উপজেলা সমবায় অফিসার, ................................ (সকল), নওগাঁ।
১৩। সাব-রেজিস্ট্রার, ................................ (সকল), নওগাঁ।
১৪। চেয়ারম্যান, ................................ইউনিয়ন পরিষদ, (সকল), নওগাঁ।
১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,................................ইউনিয়ন ভূমি অফিস (সকল), নওগাঁ।

২৪/১০/২৫
রেভিনিউ ডেপুটি কালেক্টর
নওগাঁ।

CS CamScanner